

### কদমতলা পঞ্চায়েত সমিতির সভা অনুষ্ঠিত

কদমতলা পঞ্চায়েত সমিতির এক সভা গত ১৭ মে সমিতির সভা কক্ষে অনুষ্ঠিত হয়। পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপ্নারানী মাহিষ্যদাস-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী বিজিতা নাথ উপস্থিত ছিলেন। এছাড়াও উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি প্রতিমা দাস, সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মহঃ ইসলামউদ্দীন, ডি সি এম এল ডার্লং, ত্রিস্তর পঞ্চায়েতের প্রতিনিধিগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী বিজিতা নাথ ব্লক এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের পর্যালোচনা করেন। ত্রিস্তর পঞ্চায়েতের সাথে পরামর্শ করে উন্নয়নমূলক কাজের পরিকল্পনা প্রণয়ন করার পাশাপাশি সঠিক সময়ে সে সব কাজগুলি সম্পন্ন করার জন্য তিনি সংশ্লিষ্ট দপ্তর আধিকারিকদের নির্দেশ দেন। পানীয় জলের সুযোগ সম্প্রসারণের বিষয়েও তিনি গুরুত্ব দেন। তিনি জানান, বিভিন্ন সামাজিক ভাতা প্রকল্পে ৩ লক্ষ ২৩ হাজার জন উপকৃত হচ্ছেন। সভায় ব্লকের বি ডি ও বৈজয়ন্ত দাস উন্নয়নমূলক কাজের তথ্য দিয়ে জানান, গত অর্থবছরে এম জি এন রেগায় বরাদ্দ ১১ কোটি টাকা ব্যয়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হয়েছে। এতে শ্রমদিবস সৃষ্টি হয়েছে ৬ লক্ষ ৬৫ হাজার ৮৯টি। বি ডি ও জানান, পঞ্চায়েত উন্নয়ন তহবিলে ২০১৬-১৭ অর্থবছরে বরাদ্দ ছিল ৫২ লক্ষ ১১ হাজার ৯৮৯ টাকা। উন্নয়নমূলক কাজে ইতিমধ্যে ব্যয় হয়েছে ৩৪ লক্ষ ১ হাজার ৮৯২ টাকা। ত্রয়োদশ অর্থ কমিশনে ২০১৬-১৭ অর্থ বছরে ১৯টি গ্রাম পঞ্চায়েত বরাদ্দ পেয়েছে ২ কোটি ৪৫ লক্ষ ৪৫ হাজার ৭৩৩ টাকা। আবাসন স্কীমে ৬০০ পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হচ্ছে। বি ডি ও জানান, ২০১৬-১৭ অর্থবছরে এম জি এন রেগার মাধ্যমে হস্ত তাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের মাধ্যমে ৩৫ লক্ষ ৬৯ হাজার ৯৫৯ টাকা উন্নয়ন মূলক কাজে ব্যয় হয়েছে। শ্রমদিবস সৃষ্টি হয় ১২ হাজার ৪৯৬ টি। বনদপ্তর থেকে ১২ লক্ষ ৭৭ হাজার ৯৮৪ টাকা ব্যয়ে উন্নয়নমূলক কাজ হয়েছে। কৃষি তত্ত্বাবধায়ক সুকেশ রায় জানান, চলতি বছরে শ্রীপদ্ধতিতে ৩৫০ হেক্টর জমিতে ধানের চাষ করা হচ্ছে। সুপারী বাগান করা হবে ২০ হেক্টর। এতে ব্যয় হবে ৩৩ লক্ষ ৯০ হাজার টাকা। আম্রপালি চাষ করা হবে ৫ হেক্টর। ব্যয় হবে ৬ লক্ষ ২৭ হাজার টাকা। লেবু চাষ করা হবে ৩ হেক্টর। ব্যয় হবে ৩ লক্ষ ৪২ হাজার টাকা। সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, কদমতলা ও কালাছড়া ব্লক এলাকায় ১২ হাজার ৮০৬ জন সামাজিক প্রকল্পে ভাতা পাচ্ছেন। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের আধিকারিক জানান, ২০১৬-১৭ অর্থ বছরে ব্লক এলাকায় ৩৫ জনকে উন্নত ঘাস চাষে সহায়তা দেওয়া হয়েছে। এতে এম জি এন রেগায় ব্যয় হয়েছে ২ লক্ষ ৫৭ হাজার ৬০০ টাকা। এছাড়াও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ স্ব - স্ব দপ্তরের উন্নয়নমূলক কাজের তথ্য তুলে ধরেন।

\*\*\*\*\*

জি এস